যায়যায়দিন

তারিখ ..... 2 AUG 2009

পৃষ্ঠা ... ১ কলাম ... ৩

# পঞ্চম শ্রেণীতে এসএসসির আদলে পাবলিক পরীক্ষা চালু হবে

যাযাদি রিপোর্ট

প্রাথমিক বৃত্তি পরীক্ষার বদলে ডিসেম্বর মাসে পঞ্চম শ্রেণীতে এসএসসির আদলে পাবলিক পরীক্ষা নেবে সরকার। এ পরীক্ষা শেষে শিক্ষার্থীদের সার্টিফিকেট দেয়া হবে। সার্টিফিকেট ছাড়া কেউ নিম্ন মাধ্যমিক শ্রেণীতে ভর্তির সুযোগ পাবে না।

শনিবার জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত 'একবিংশ শতাব্দীর প্রাথমিক শিক্ষা প্রেক্ষিত ডিজিটাল বাংলাদেশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন একথা বলেন।

তিনি বলেন, দেশের শতভাগ শিশুকে স্কুলে ভর্তি নিশ্চিত করতে হবে। স্কুলে তাদের ধরে রাখতে সরকার আগামী পাবলিক : পৃষ্ঠা ৪ কলাম ৮

## পাবলিক পরীক্ষা

*(প্রথম পৃষ্ঠার পর)*

জানুয়ারি থেকে দুপুরে টিফিনের ব্যবস্থা করবে। গরিব ছেলেমেয়েকে ভাতা দেয়া হবে। প্রাইমারি স্কুলের সব শিক্ষার্থীকে পুরো সেট নতুন বই দেয়া হবে।

তিনি বলেন, দেশের জনগণকে শিক্ষিত করে তোলা ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রথম পদক্ষেপ। আর তাদের শিক্ষিত করে তোলার সৈনিক হচ্ছেন শিক্ষকরা। মন্ত্রী জানান, প্রাইমারিতে প্রধান শিক্ষক পদে নিয়োগ দেয়া হবে না। প্রাথমিক শিক্ষক নিয়োগে এন্ট্রি পয়েন্ট হবে সহকারি শিক্ষক হিসেবে। ডিসেম্বরে প্রধানমন্ত্রীকে নিয়ে প্রাথমিক শিক্ষকদের মহাসমাবেশ করা হবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শ্যামল কান্তি ঘোষ বলেন, শিক্ষার মূল জায়গা হচ্ছে প্রাথমিক শিক্ষা। প্রাথমিক স্তরে ১ কোটি ৬৫ লাখ ছেলেমেয়ে লেখাপড়া করছে। প্রতি বছর ২০ লাখ শিক্ষার্থী নিম্ন মাধ্যমিকে ভর্তি হচ্ছে। বর্তমানে দেশের শতকরা ৯১ ভাগ শিশুকে বিদ্যালয়ে ভর্তি করাতে সক্ষম হয়েছি। তিনি বলেন, নভেম্বরে সারাদেশে শিশু জরিপ এবং ক্যাচ ম্যান্ট এলাকা ম্যাপ করে প্রাথমিক স্তরে শতভাগ শিশুকে ভর্তি নিশ্চিত করতে হবে।

সমিতির সভাপতি মুহা. আউয়াল তালুকদারের সভাপতিত্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সংগঠনের মহাসম্পাদক মো. আবদুস সালাম। সেমিনারে আরো বক্তব্য রাখেন সংসদ সদস্য মো. নজরুল ইসলাম বাবু, নারায়ণ চন্দ্র চন্দ, অধ্যক্ষ জোবেদা খাতুন পারুল, বেগম জহুরা আলী, ইসলামী গবেষক ইঞ্জিনিয়ার মহসিন আলম ভূঞা। এ সময় শিক্ষকরা প্রাথমিক স্তরকে পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী করা, শিক্ষকদের বিভিন্ন বিল-ভাতাদি, মাতৃত্ব ছুটি, চিকিৎসা ছুটি, জিপিএফ ঋণ মঞ্জুর, টাইম স্কেল, স্বতন্ত্র বেতন স্কেলের দাবি জানান।